



বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

Bogura Palli Bidyut Samity-2

২য় বাইপাস, হেলেকাশাড়া, শাজাহানপুর, বগুড়া।

E-mail : bograpbs2@gmail.com, Web: pbs2.bogra.gov.bd

শেখ হাসিনার
উদ্যোগ
যত্নে যত্নে বিদ্যুৎ



স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০২.০০৮.২৩. ৩০/১২

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ


“আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি”

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- ০১। আবেদনকারী যৌর কমপক্ষে ০৮ (আট) বছর যাবৎ আইন পেশায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজকোর্টে নিয়োজিত আছেন অথবা অবসর প্রাপ্ত জুডিশিয়াল জজ যৌর বগুড়া জেলা অথবা শাজাহানপুর উপজেলায় আইন পেশায় নিয়োজিত আছেন কেবলমাত্র তঁরাই আবেদন করতে পারবেন।
- ০২। বর্ণিত পদে ০৩(তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয়পক্ষ কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৩। আইন উপদেষ্টাকে মাসিক ৫০০০/- (পাঁচ হাজার) টাকা রিটেইনার ফিসহ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে পরিচালনা ফি প্রদান করা হবে (সর্বশেষ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫০ মোতাবেক)।


উল্লিখিত শর্তে সম্মত হলে আগ্রহী আইনজ্ঞদের নিকট হতে নিম্নবর্ণিত তথ্যাদিসহ আগামী ১৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে স্ব-শরীরে পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রশ্মিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেটসহ Degree in law ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র সংযুক্ত পূর্বক সাদা কাগজে আবেদন করতে হবে।

- (ক) আবেদনকারীর নাম, পিতার নাম ও মাতার নাম (স্পষ্টাক্ষরে)।
 - (খ) বর্তমান ঠিকানা।
 - (গ) স্থায়ী ঠিকানা।
 - (ঘ) এ্যাডভোকেট হিসেবে এনরোলমেন্ট এর তারিখ।
 - (ঙ) আইন পেশার সময়কালঃ
 - (১) সহকারী জজকোর্ট/থানাকোর্ট।
 - (২) জেলা জজকোর্ট।
 - (৩) সুপ্রীমকোর্টের হাইকোর্ট ডিভিশন/আপীল ডিভিশন।
 - (চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে) এবং
 - (ছ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকলে উহার পূর্ণ বিবরণ।
- ০৪। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই। তবে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির বর্তমান আইন উপদেষ্টা আবেদন করতে পারবেন।
- ০৫। বর্ণিত শর্তাবলী ছাড়াও অন্য যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ আমজাদ হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের প্রচারের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৩। জেলা ও দায়রা জজ, বগুড়া।
- ০৪। সভাপতি, বার কাউন্সিল, বগুড়া।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
- ০৭। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/ধুনট/শেরপুর/সারিয়াকান্দি/সোনাতলা/গাবতলী জোনাল অফিস, বগুড়া পবিস-২।
- ০৮। অফিস নথি/মাষ্টার নথি।
- ০৯। নোটিশ বোর্ড/ওয়েবসাইট।


(মোঃ আমজাদ হোসেন)
জেনারেল ম্যানেজার